তারিখ ..23 NOV 2016.....
পৃষ্ঠা ...৩... কলাম ...২......

যুগান্তর

# জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রথম সমাবর্তন ১৭ জানুয়ারি

## অংশ নেবেন সাড়ে ৪ হাজার শিক্ষার্থী

**যুগান্তর রিপোর্ট**

জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রথম সমাবর্তন আগামী ১৭ জানুয়ারি বিকাল ৩টায় বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে অনুষ্ঠিত হবে। রাষ্ট্রপতি এবং বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর মো. আবদুল হামিদ এতে সভাপতিত্ব করবেন। বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. হারুন-অর-রশিদ এ তথ্য নিশ্চিত করেছেন।

১৯৯২ সালে প্রতিষ্ঠার পর এই প্রথম আয়োজিত সমাবর্তনে প্রায় সাড়ে ৪ হাজার ছাত্রছাত্রী অংশ নেবেন। শিক্ষার্থী বেশি হওয়ায় সম্মেলন কেন্দ্রের প্রধান মিলনায়তনসহ আরও দুটি কক্ষে গ্র্যাজুয়েটদের আসন ব্যবস্থা করা হয়েছে।

অধ্যাপক রশিদ যুগান্তরকে বলেন, সবাইকে সমাবর্তনে অংশ নেয়ার সুযোগ দেয়া যায়নি। সিন্ডিকেটের সিদ্ধান্ত অনুযায়ী, বিশ্ববিদ্যালয়ের ১৪ ধরনের ছাত্রছাত্রীরা অংশ নেয়ার সুযোগ পেয়েছেন। তারা হলেন : ১৯৯৮-২০১২ সালের ডিগ্রি পাস,

■ পৃষ্ঠা ৭ : কলাম ৫

# জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রথম সমাবর্তন

(৩য় পৃষ্ঠার পর)

২০০০-২০১২ সালের অনার্স ফাইনাল, ২০০০-২০১২ মাস্টার্স ফাইনাল পরীক্ষায় উত্তীর্ণরা। ২০০৭-২০১২ সালের বিবিএ, ২০০৩-২০১২ সালের এমবিএ, ২০০৭-২০১৩ সালের বিএড (অনার্স) এবং ২০০৬-২০১২ সালের এমএড পরীক্ষায় উত্তীর্ণরা। ২০০৮-২০১২ সালের বিএসসি অনার্স ইন কম্পিউটার সায়েন্স, ২০০৭-২০১২ সালের বিএফএ (অনার্স), ২০০৯-২০১২ সালের বিএফএ (পাস), ২০১০-২০১১ সালের ইসিই, ২০০৩-২০১২ সালের এলএলবি (ফাইনাল), ২০০৩-২০১০ সালের এমএসসি ইন সিএসই এবং পিএইচডি/এমফিল/এমএএস ডিগ্রিপ্রাপ্ত গবেষকরাও রেজিস্ট্রেশন করতে পারবেন।

এবারের সমাবর্তনে রেজিস্ট্রেশন ফি আড়াই হাজার টাকা এবং সনদপ্রতি ৫০০ (পাঁচশ') টাকা। এতে বিশেষ অতিথি থাকবেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান অধ্যাপক আবদুল মান্নান সমাবর্তন বক্তার বক্তব্য দেবেন।

এত কম শিক্ষার্থী কেন সমাবর্তনে অংশ নিচ্ছেন— এমন প্রশ্নের জবাবে ভিসি বলেন, আগে আরেকবার সমাবর্তনের উদ্যোগ নেয়া হলেও তা সফল হয়নি। তাই হয়তো কেউ কেউ ভেবেছেন, এবারও হবে না। এর আগে ২০০৪ সালে সাবেক ভিসি প্রয়াত অধ্যাপক আফতাব আহমাদ সমাবর্তনের উদ্যোগ নেন। তখন প্রায় ১ হাজার ছাত্রছাত্রী রেজিস্ট্রেশন করেছিলেন। কিন্তু শেষ পর্যন্ত তা হয়নি।